


# NYC-তে গাঁজা: কী কী বৈধ?

নিউ ইয়র্ক স্টেটে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য গাঁজা (মারিজুয়ানা) বৈধ।



3 oz



24 g

21 বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের কাছে 3 আউন্স পর্যন্ত গাঁজার ফুল বা কুঁড়ি, বা 24 গ্রাম পর্যন্ত ঘনীভূত গাঁজা যেমন তেল বা ভ্যাপস থাকতে পারে এবং শেয়ার করতে পারে (কিন্তু বিক্রি নয়)।



ধূমপানের এলাকা

21 বছর বা তার বেশি বয়সের প্রাপ্তবয়স্করা বেশিরভাগ জায়গায়, যেখানে তামাক ধূমপানের অনুমতি রয়েছে, সেখানে গাঁজার ধূমপান বা ভ্যাপস নিতে পারেন।



নিউ ইয়র্কের মেডিকেল গাঁজা-সম্বন্ধীয় প্রোগ্রাম প্রসারিত করা হয়েছে। পরিবর্তন সম্পর্কে তথ্যের জন্য, [cannabis.ny.gov/](http://cannabis.ny.gov/) [medical-cannabis-এ](http://medical-cannabis-এ) যান।



গাঁজা বিক্রি এখনও অনুমোদিত নয়। বৈধভাবে গাঁজা কেনা এবং চাষ করা সম্পর্কে আপ-টু-ডেট তথ্যের জন্য, [cannabis.ny.gov-এ](http://cannabis.ny.gov-এ) যান।

## কারা আইনত গাঁজা রাখতে পারেন এবং তারা কতটা করে রাখতে পারে?

- 21 বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্করা 3 আউন্স পর্যন্ত গাঁজার ফুল বা কুঁড়ি, বা 24 গ্রাম পর্যন্ত ঘনীভূত গাঁজা (যেমন তেল বা ভ্যাপস) রাখতে পারেন।
- 21 বছরের কম বয়সী কারও জন্যে গাঁজা রাখা, ব্যবহার করা বা শেয়ার করা বৈধ নয়।

## লোকেরা কি গাঁজা শেয়ার, বিক্রি বা এর ব্যবসা করতে পারে?

- 21 বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্করা তাদের ব্যক্তিগত ব্যবহারের জন্য 21 বছর বা তার বেশি বয়সী অন্যান্য প্রাপ্তবয়স্কদের সাথে 3 আউন্স পর্যন্ত গাঁজার ফুল বা 24 গ্রাম পর্যন্ত ঘনীভূত গাঁজা শেয়ার করতে পারেন।
- নিম্নলিখিতগুলি করা কারো জন্য বৈধ নয়:
  - 3 আউন্সের বেশি গাঁজার ফুল বা 24 গ্রামের বেশি ঘনীভূত গাঁজা রাখা বা শেয়ার করা
  - যে কোনো পরিমাণে গাঁজা বিক্রি করা বা এর ব্যবসা করা
  - 21 বছরের কম বয়সী ব্যক্তিদের যে কোনো পরিমাণ গাঁজা দেওয়া বা বিক্রি করা

## গাঁজা ব্যবহারের পরে গাড়ি চালানো বা গাড়ির ভিতরে গাঁজা ব্যবহার করা কি বৈধ?

- না। অক্ষম অবস্থায় বা গাঁজার প্রভাবে থাকা অবস্থায় গাড়ি চালানো বৈধ নয়।
- গাড়ির ভিতরে গাঁজা ব্যবহার করাও বৈধ নয়, এমনকি গাড়ির যাত্রী হিসেবে বা গাড়ি পার্ক করা অবস্থায়ও।



## নিউ ইয়র্কে কোথায় গাঁজার ধূমপান করা বা ভ্যাপিং করা অনুমোদিত নয়?

- এই জায়গাগুলিতে গাঁজার ধূমপান করা বা ভ্যাপিং করা অনুমোদিত নয়:
  - ভবনগুলির সর্বজনীন এলাকা
  - পার্ক
  - সমুদ্রসৈকত এবং বোর্ডওয়াক
  - সর্বজনীন গলফ কোর্স
  - স্পোর্টস স্টেডিয়ামের ভিতরে ও মাঠে
  - পথচারীদের প্লাজা
  - সর্বজনীন বাগান
  - রেস্টোরাঁ
  - বার
  - গাড়ি এবং অন্যান্য মোটর যান (এমনকি পার্ক করা অবস্থায়ও)
  - স্কুল



■ ফেডারেল আইনের অধীনে, ফেডারেল সম্পত্তিতে কোনো আকারেই গাঁজা রাখা বা ব্যবহার করা এখনও বৈধ নয়। এই তথ্য পত্রে বর্ণিত নিউ ইয়র্ক স্টেট আইন কোনো ফেডারেল সম্পত্তিতে প্রযোজ্য নয়। ফেডারেল আইন সম্পর্কে আরো তথ্যের জন্য, [fda.gov](http://fda.gov)-এ যান এবং সন্ধান করুন "**cannabis regulation**" (গাঁজা নিয়ন্ত্রণ)।

■ কিছু ব্যক্তিগত ভবন ইউনিটের ভিতরে ধূমপান এবং ভ্যাপিং করা নিষিদ্ধ করে। যদিও সম্পত্তির মালিকরা তাদের ভবনে গাঁজার ধূমপান এবং ভ্যাপিং করা নিষিদ্ধ করতে পারে, তবে তারা ভোজ্য জিনিসের ব্যবহার বা আপনার বাড়ির ভিতরে বৈধ পরিমাণে গাঁজা রাখা নিষিদ্ধ করতে পারে না।



■ নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটি (New York City Housing Authority, NYCHA)-এর ধোঁয়াহীন নীতি রয়েছে যা সম্পত্তিতে তামাক ও গাঁজার ধূমপান এবং ভ্যাপিং নিষিদ্ধ করে। সরকারী আবাসন যা একটি ফেডারেল প্রোগ্রামের অংশ তা ফেডারেল আইনের অধীনে পড়ে যা গাঁজা এবং গাঁজাজাত পণ্য রাখা ও ব্যবহার নিষিদ্ধ করে।

### আমি কোথায় আরো তথ্য পেতে পারি?

লঙ্ঘনের জন্য আইন এবং জরিমানা সম্পর্কে আরও তথ্যের জন্য, [cannabis.ny.gov/adult-use](http://cannabis.ny.gov/adult-use)-এ যান এবং "**Penal Law Fact Sheet**" (ফৌজদারি আইন তথ্য পত্র)-তে ক্লিক করুন।

আরো তথ্যের জন্য, [nyc.gov/health](http://nyc.gov/health) -এ যান এবং "**cannabis**" (গাঁজা) অনুসন্ধান করুন।